৮৩

খুলনা সিটি কর্পোরেশন
সাধারণ প্রশাসনিক শাখা

নং-৪৬.১৩.০০০০.০০৯.০৬.০০১.২২-১০ তারিখ-৩ /০১/২০২৪খ্রিঃ

**বিষয় ঃ সভায় উপস্থিত হওয়া প্রসঙ্গে এবং নির্ধারিত তারিখে খসড়া প্রবিধান দুইটি প্রেরণ।**

সূত্র ঃ স্থানীয় সরকার বিভাগের গত ০৮/০৩/২০২০ খ্রি. তারিখের ৪৬.০০.০০০০.০৭১.২২.০১৪.২০১৯-১৬৬ নং স্মারক।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) আইন-২০০৯ (২০০৯ সালের ৬০ নং আইন) এর ধারা ১২১ এর উপধারা (১) (২) মোতাবেক জাইকা এর সহযোগিতায় স্থানীয় সরকার বিভাগের মাধ্যমে বাস্তবায়িত C4C প্রকল্পের মাধ্যমে সিটি কর্পোরেশন স্থায়ী কমিটি মডেল প্রবিধান-২০১৯ এবং সিটি কর্পোরেশন (নাগরিক মতামত ও অভিযোগ প্রতিকার) মডেল প্রবিধান ২০১৯ এর আলোকে খুলনা সিটি কর্পোরেশনে ২০২৪ সালে প্রবিধান দুইটি প্রণয়নের লক্ষ্যে আগামী ১০/০১/২০২৪খ্রি. তারিখ বুধবার সকাল ১০.৩০ ঘটিকায় কেসিসির জিআইজেড সভাকক্ষে গঠিত "প্রবিধান প্রণয়ন কমিটি"র আহবায়কের সভাপতিত্বে এক সভা অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় যথাসময়ে উপস্থিত হওয়া এবং ইতোপূর্বে প্রেরিত খসড়া প্রবিধান দুইটির কোথাও কোন সংশোধন/পরিবর্তন/পরিবর্ধন/বিয়োজন (যদি থাকে) তবে তা লালকালি দিয়ে মার্কিংসহ আগামী ০৮/০১/২০২৪খ্রি. তারিখ অপরাহ্নের মধ্যে কমিটির সদস্য সচিব, ড. পেরু গোপাল বিশ্বার এর নিকট প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

০৩.০১.২৪

সানজিদা বেগম
আহবায়ক
প্রবিধান প্রণয়ন কমিটি, কেসিসি
ও
সচিব (অতিরিক্ত দায়িত্ব)
খুলনা সিটি কর্পোরেশন
ফোন-০২৪৪৭-৭২০৪৭৬

.................................................
.................................................
.................................................

**অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে প্রেরিত হলো ঃ**

১। প্রধান নির্বাহী কর্মকর্তা, খুলনা সিটি কর্পোরেশন।
২। প্রশাসনিক কর্মকর্তা, খুলনা সিটি কর্পোরেশন।
৩। আইটি ম্যানেজার, কেসিসি (সভায় কারিগরি সহায়তা করার জন্য অনুরোধ করা হলো)।
৪। সি.এ টু মেয়র, কেসিসি (মাননীয় মেয়র মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫। সংশ্লিষ্ট নথি।

D:\c-My Documents\Secratary\Sarok-Sec.doc

(৬৩)

খুলনা সিটি কর্পোরেশন
সাধারণ প্রশাসনিক শাখা

নম্বর-৪৬.১৩.০০০০.০০৯. ০৬.০০৮.২২-১৬৭১ তারিখ- ২৬/১২/২০২৩খ্রিঃ

## অফিস আদেশ

সিটি কর্পোরেশন পরিচালন ব্যবস্থা (গভর্ন্যান্স) উন্নয়ন কৌশল পত্র ২০২০-২০৩০ যথাযথভাবে বাস্তবায়নের জন্য স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) আইন-২০০৯ এর ধারা ১২১ এর উপধারা (১) এর সহিত পঠিত ধারা ৫০, ৫১, ৫৩, ৫৫, ৫৬, ৫৭ এবং সপ্তম তফশীলের ক্রমিক নং (১) ও (২) এ বর্ণিত আদেশ/প্রজ্ঞাপন অনুযায়ী সিটি কর্পোরেশন স্থায়ী কমিটি প্রবিধান প্রণয়ন করার বাধ্যবাধকতা রয়েছে এবং উক্ত কৌশল পত্র বাস্তবায়নে খুলনা সিটি কর্পোরেশনের মধ্যমেয়াদী কর্ম পরিকল্পনা (Action Plan) অনুযায়ী কৌশলপত্র লক্ষ্য-১ (১.১ ও ১.২) এ স্থায়ী কমিটি প্রবিধান প্রণয়ন করার কথা বলা আছে। এ ছাড়া সিটি কর্পোরেশন (নাগরিক মতামত ও অভিযোগ প্রতিকার) প্রবিধান প্রস্তুত করার জন্য স্থানীয় সরকার বিভাগের নির্দেশনা রয়েছে। সুতরাং উল্লিখিত বিধির আলোকে JICA-এর সহযোগিতায় স্থানীয় সরকার বিভাগের মাধ্যমে বাস্তবায়িত Capacity Development of City Corporation (C4C) প্রকল্পের মাধ্যমে স্থানীয় সরকার বিভাগ কর্তৃক প্রণীত সিটি কর্পোরেশন স্থায়ী কমিটি মডেল প্রবিধান-২০১৯ এবং সিটি কর্পোরেশন (নাগরিক মতামত ও অভিযোগ প্রতিকার) মডেল প্রবিধান-২০১৯ এর আলোকে ১০ থেকে ১৫টি কার্য দিবসের মধ্যে খুলনা সিটি কর্পোরেশনের প্রবিধান দুইটি প্রণয়নের জন্য নিম্নোক্ত কর্মকর্তাগণের সমন্বয়ে নির্দেশক্রমে "প্রবিধান প্রণয়ন কমিটি" গঠন করা হলো:

| ক্র:নং | নাম | পদবী |
|---|---|---|
| ১। | জনাব সানজিদা বেগম, সচিব (অতি: দা:), কেসিসি | আহবায়ক |
| ২। | জনাব জান্নাতুল আফরোজ স্বর্ণা, এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট, কেসিসি | সদস্য |
| ৩। | জনাব আবির উল জব্বার, চীফ প্লানিং অফিসার ও প্রশাসনিক কর্মকর্তা, কেসিসি | সদস্য |
| ৪। | জনাব মোঃ আনিসুর রহমান, প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা, কেসিসি | সদস্য |
| ৫। | জনাব শেখ মোহাম্মাদ মাসুদ করিম, নির্বাহী প্রকৌশলী (সিভিল), কেসিসি | সদস্য |
| ৬। | ড. পেরু গোপাল বিশ্বাস, ভেটেরিনারি অফিসার, কেসিসি | সদস্য-সচিব |

২৬/১২/২৩

লস্কার তাজুল ইসলাম
প্রধান নির্বাহী কর্মকর্তা (যুগ্মসচিব)
খুলনা সিটি কর্পোরেশন
ফোন-০২৪৭৭-৭২০৪০৯
E-mail: ceo.kcc.kln@gmail.com

নম্বর-৪৬.১৩.০০০০.০০৯.০৬.০০৮.২২-১৬৭১ (১২) তারিখঃ ২৬ /১২/২০২৩খ্রিঃ

অনুলিপি :

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। জনাব সানজিদা বেগম, সচিব (অতি: দা:), খুলনা সিটি কর্পোরেশন।
৩। জনাব জান্নাতুল আফরোজ স্বর্ণা, এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট, খুলনা সিটি কর্পোরেশন।
৪। প্রধান প্রকৌশলী, খুলনা সিটি কর্পোরেশন।
৫। জনাব আবির উল জব্বার, চীফ প্লানিং অফিসার ও প্রশাসনিক কর্মকর্তা, খুলনা সিটি কর্পোরেশন।
৬। Ms. Naoko ANZAI, The Chief Advisor of C4C-2 Project, JICA, Bangladesh.
৭। জনাব মোঃ আনিসুর রহমান, প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা, খুলনা সিটি কর্পোরেশন।
৮। জনাব শেখ মোহাম্মাদ মাসুদ করিম, নির্বাহী প্রকৌশলী (সিভিল), খুলনা সিটি কর্পোরেশন।
৯। ড. পেরু গোপাল বিশ্বাস, ভেটেরিনারি অফিসার, খুলনা সিটি কর্পোরেশন।
১০। সি.এ.টু মেয়র, খুলনা সিটি কর্পোরেশন (মেয়র মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১১। সংশ্লিষ্ট নথি।
১২। গার্ড ফাইল।

১৪

খুলনা সিটি কর্পোরেশন
খুলনা

স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) আইন-২০০৯ (২০০৯ সালের ৬০ নং আইন) এর ধারা ১২১ এর উপধারা (১)(২) মোতাবেক জাইকা এর সহযোগিতায় স্থানীয় সরকার বিভাগের মাধ্যমে বাস্তবায়িত C4C) প্রকল্পের মাধ্যমে সিটি কর্পোরেশন স্থায়ী কমিটি প্রবিধান-২০২৪ এবং সিটি কর্পোরেশন (নাগরিক মতামত ও অভিযোগ প্রতিকার) প্রবিধান-২০২৪ প্রণয়ন সংক্রান্তে গঠিত "প্রবিধান প্রণয়ন কমিটি"র ১০/০১/২০২৪ খ্রি: তারিখ সকাল ১০:৩০ ঘটিকায় অনুষ্ঠিত সভার উপস্থিতি

| ক্র:নং | নাম ও পদবি | স্বাক্ষর |
|---|---|---|
| ১। | জনাব সানজিদা বেগম, সচিব (অতি: দা:), কেসিসি | 10.01.24 |
| ২। | জনাব জান্নাতুল আফরোজ স্বর্ণা, এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট, কেসিসি | 10/01/24 |
| ৩। | জনাব আবির উল জব্বার, চীফ প্লানিং অফিসার ও প্রশাসনিক কর্মকর্তা, কেসিসি | 10/1/24 |
| ৪। | জনাব মোঃ আনিসুর রহমান, প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা, কেসিসি | 10/01/24 |
| ৫। | জনাব শেখ মোহাম্মাদ মাসুদ করিম, নির্বাহী প্রকৌশলী (সিভিল), কেসিসি | 10/01/24 |
| ৬। | ড. পেরু গোপাল বিশ্বাস, ভেটেরিনারি অফিসার, কেসিসি | P Biswas 10.01.2024 |

১৫

খুলনা সিটি কর্পোরেশন
সাধারণ প্রশাসনিক শাখা

নম্বর-৪৬.১৩.০০০০.০০৯. ০৬.০০৮.২২-৬৬৬ তারিখ-০৫/০৩/২০২৪খ্রিঃ

**বিষয় : কেসিসিতে প্রণয়নকৃত খসড়া "খুলনা সিটি কর্পোরেশনে স্থায়ী কমিটি প্রবিধান-২০২৪" এর উপর মতামত প্রদান প্রসঙ্গে।**

সূত্র : কেসিসি'র ০৩/০১/২০২৪ খ্রিঃ তারিখের ৪৬.১৩.০০০০.০০৯.০০৮.২২-১০ নং স্মারক।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোস্থ স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, স্থানীয় সরকার বিভাগের মাধ্যমে জাইকার সহযোগিতায় C4C-2 প্রকল্পের আওতায় কেসিসি'র মধ্য মেয়াদী (২০২২-২৩ থেকে ২০২৫-২৬ অর্থ বছর) কর্মপরিকল্পনা (Action Plan) অনুযায়ী উন্নয়ন কৌশল পত্র লক্ষ্য ১ (১.১ ও ১.২ নং ক্রমিক) এর প্রেক্ষিতে কেসিসিতে খসড়া "খুলনা সিটি কর্পোরেশন স্থায়ী কমিটি প্রবিধান-২০২৪" প্রণয়ন করা হয়েছে। প্রণয়নকৃত প্রবিধানে কোন সংশোধন/সংযোজন/বিয়োজন/পরিবর্তন বা পরিবর্ধন থাকলে বা কেসিসিতে প্রণয়নকৃত স্থায়ী কমিটি প্রবিধান-২০২৪ সম্পর্কে সহমত ব্যক্ত করলেও তা ১০(দশ) কার্য দিবসের মধ্যে সাধারণ প্রশাসনিক শাখায় আবশ্যিকভাবে দাখিলের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি : ......................ফর্দ।

০৫.০৩.২৪
সচিব
খুলনা সিটি কর্পোরেশন
ফোন-০২৪৭৭-৭২০৪৭৬

..............................................
সভাপতি/সদস্য
..............................................
..............................................
খুলনা সিটি কর্পোরেশন।

অনুলিপি জ্যেষ্ঠতার ভিত্তিতে নয় :

১। প্রশাসনিক কর্মকর্তা, খুলনা সিটি কর্পোরেশন।
২। সি এ টু মেয়র, খুলনা সিটি কর্পোরেশন (মেয়র মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৩। সংশ্লিষ্ট নথি।